# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 12-10-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে, বেসরকারি মেডিক্যাল কলেজের ডাক্তারি পড়ুয়াকে গণধর্ষণের অভিযোগে ধৃত তিনজনের দশদিনের পুলিশ হেফাজত হয়েছে।

২) রাতে ওই পড়ুয়ার বাইরে বেরনো নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মন্তব্যের কড়া সমালোচনায় বিরোধীরা।

৩) আগামী ২৪ ঘণ্টার মধ্যে রাজ্যের বেশ কিছু অংশ থেকে বর্ষা বিদায় নিচ্ছে।

৪) কামারহাটি পুরসভার কিছু অংশে ৩০ জন জল বাহিত রোগে আক্রান্ত। পরিস্থিতি মোকাবিলায় পুরসভার স্বাস্থ্য কর্মীরা সচেতনতা শিবির চালাচ্ছে।

৫) কলকাতায় ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে ৭-ই ডিসেম্বর ৫ লক্ষ কণ্ঠে গীতা পাঠের আয়োজন করেছে সনাতন সংস্কৃতি সংসদ।

৬) কল্যাণী স্টেডিয়ামে আজ আই এফ এ শিল্ড ফুটবলে ইউনাইটেড স্পোর্টস ক্লাব গোকুলাম কেরালা এফ সি-কে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে , বেসরকারি মেডিক্যাল কলেজের ডাক্তারি পড়ুয়াকে গণধর্ষণের অভিযোগে ধৃত তিনজনকে আজ দুর্গাপুর আদালতে তোলা হলে, দশদিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছেন বিচারক। বিজরা গ্রামের বাসিন্দা ধৃত অপু বাউরি, ফিরদৌস শেখ এবং শেখ রেজাউদ্দীনকে মোবাইল টাওয়ার লোকেশন ট্র্যাক করে ধরা হয় বলে , সূত্রের খবর। ফরেন্সিক দল আজ ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করছে। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডেপুটি কমিশনার অভিষেক গুপ্তা জানিয়েছেন, সবদিক খতিয়ে দেখা হচ্ছে।

ঘটনার পর গতকাল ওই তরুণীর সহপাঠিকে আটক করেছিল পুলিশ। গত শুক্রবার রাতে ওই সহপাঠির সঙ্গেই তরুণী, ক্যাম্পাসের বাইরে যান বলে জানা গেছে। ইতোমধ্যেই নির্যাতিতার গোপন জবানবন্দী নিয়েছেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট।

বেসরকারী মেডিক্যাল কলেজগুলির ছাত্রীদের প্রতি আরো দায়িত্বশীল হওয়া উচিৎ বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। উত্তরবঙ্গ রওনা হওয়ার আগে কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের তিনি বলেন, দোষীরা কেউ ছাড়া পাবেন না। তবে, রাতে ওই পড়ুয়ার বাইরে বেরনো নিয়ে প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিকে, মুখ্যমন্ত্রী মেয়েদের রাতে বাইরে বেরনো নিয়ে যে প্রশ্ন তুলেছেন, তা নিয়ে বিতর্ক উঠেছে। শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এর প্রতিবাদ করে বলেন, মুখ্যমন্ত্রীর দৃষ্টিভঙ্গীর জন্য রাজ্য আরও পিছিয়ে যাচ্ছে।

(বাইট – সুকান্ত)

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এক্স হ্যান্ডেলে বলেছেন, সন্ধের পর মহিলাদের ঘর থেকে বের হওয়া উচিত নয় বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে মন্তব্য করেছেন, তা শুধু অসংবেদনশীল-ই নয়, চরম অপমানজনক।

এদিকে, দোষীদের শাস্তির দাবিতে দুর্গাপুরের ঐ বেসরকারী মেডিক্যাল কলেজের সামনে বিজেপি ও কংগ্রেস বিক্ষোভ দেখায়। ওই মেডিক্যাল কলেজেরই হাসপাতালে ভর্তি রয়েছেন নির্যাতিতা তরুণী।

বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় , অন্য নেতা কর্মীদের নিয়ে সেখানে পৌঁছলে , পুলিশের পক্ষে তাঁদের হাসপাতালে ঢুকতে বাধা দেওয়া হয় বলে অভিযোগ। বন্ধ রাখা হয় হাসপাতালের গেট।

ঘটনার প্রতিবাদে এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিকেলে পিয়ালা কালীবাড়ির কাছে আসানসোল থেকে বর্ধমানগামী ১৯ নং জাতীয় সড়ক অবরোধ করে বিজেপি। বিক্ষোভের জেরে ব্যাহত হয় যান চলাচল। পুলিশ এসে বিক্ষোভকারীদের সরিয়ে দেয় এবং পুরুলিয়ার সাংসদ জোতির্ময় সিং মাহাতো, বিজেপি বিধায়ক লক্ষন ঘড়ুই সহ বেশ কয়েকজন বিজেপি কর্মীকে আটক করে দুর্গাপুর থানায় নিয়ে যায় পুলিশ।

ডাক্তারি পড়ুয়ার ধর্ষণের ঘটনায় আজ অভয়া মঞ্চের ২৭ জনের একটি প্রতিনিধি দল কলকাতা থেকে দুর্গাপুর আসে। প্রতিনিধি দল হাসপাতালে গেটে ঢুকতে গেলেই হাসপাতালের নিরাপত্তা রক্ষীরা তাদের ঢুকতে বাধা দেয়। গেটের বাইরেই বিক্ষোভে ফেটে পড়েন প্রতিনিধি দলের সদস্যরা। বিজেপির কর্মী সমর্থকদের সঙ্গে অভয়া মঞ্চের সদস্যদের বচসা হয় বলেও খবর। অভয়া মঞ্চের ডঃ সুদক্ষিণা দাস জানান, যে রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা সেই রাজ্যেই মহিলা নির্যাতনের ঘটনা সব থেকে বেশি। তিনি বলেন আজ প্রায় দেড় বছর হতে গেল এখনো পর্যন্ত অভয়ার ন্যায় বিচার হলো না। তবে দুর্গাপুরের এই ঘটনায় ন্যায়বিচার পেতেই হবে।

ooooooooooooooooooooooo

দুর্গাপুরে বেসরকারি মেডিকেল কলেজের ছাত্রীকে গণধর্ষণের প্রতিবাদে কাকদ্বীপ থানা ঘেরাও করেছে বিজেপি। বিজেপির মহিলা কর্মী- সমর্থকরা ঝাঁটা হাতে বিক্ষোভে সামিল হয়। তাঁরা গেট খুলে থানার ভেতরে ঢোকার চেষ্টা করলে তাঁদের আটকে দেয় পুলিশ।

oooooooooooooooooooooooooo

ঘটনার প্রতিবাদে কংগ্রেসের পক্ষ থেকে আজ এনটিপিএস থানার সামনে বিক্ষোভ দেখানো হয়। পরে তারা হাসপাতালে নির্যাতিতার সংগে দেখা করতে গেলে তাদের ঢুকতে বাধা দেওয়া হয়।

oooooooooooooooooooooooooo

উত্তরবঙ্গে প্রাকৃতিক দুর্যোগের পর পরিস্থিতি পর্যালোচনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ফের সেখানে গেছেন। হাসিমারায় প্রশাসনিক বৈঠকে যোগ দিয়ে বিপন্ন মানুষদের পাশে থেকে সবরকমের সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছেন তিনি। এই দুর্যোগে যারা নিজেদের প্রাণ বিপন্ন করে মানুষের জীবন ও সম্পদ রক্ষা করেছেন এমন আটজনকে তিনি পুরস্কৃত করেন।

oooooooooooooooooooooooooo

রাজ্য সরকার উত্তরবঙ্গে সাম্প্রতিক দুর্যোগে বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ সরবরাহের কাজে সুবিধায় আরো অতিরিক্ত ৪৬ টি সুফল বাংলা স্টল চালু করেছে। এই ধরনের ১৪৬ টি ভ্রাম্যমান স্টল থেকে ত্রাণ শিবির ও স্থানীয় বাসিন্দাদের প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করা হচ্ছে বলে এক বিবৃতিতে জানানো হয়েছে। অন্যদিকে, কৃষি দপ্তরের তরফে ইতিমধ্যেই ক্ষতিগ্রস্ত কৃষকদের হাতে এক কোটি ২৩ লক্ষ টাকা মূল্যের মুসুর ডাল, ভুট্টা, সর্ষের বীজ তুলে দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

আগামী ২৪ ঘণ্টার মধ্যে রাজ্যের বেশ কিছু অংশ থেকে বিদায় নিচ্ছে বর্ষা। তবে আগামী দু'দিন উত্তরবঙ্গে ও দক্ষিণ বঙ্গের কিছু অংশে হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাসও জানিয়েছে আবহাওয়া দপ্তর।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদ জেলার একাধিক জায়গায় গঙ্গা ও পদ্মা নদীর ভাঙনে বিঘার পর বিঘা জমি তলিয়ে গেছে। দিন কয়েক আগেই ভাঙন শুরু হয়েছে ফারাক্কার গঙ্গায় নয়াচরে।

অন্যদিকে, স্থায়ী প্রতিরোধ না থাকায় আবারও পদ্মার ভাঙন শুরু হয়েছে লালগোলার তারানগর, রাধাকৃষ্ণপুর প্রভৃতি এলাকায় । এরফলে গতকাল থেকে একাধিক বাড়ি নদীগর্ভে তলিয়ে গেছে। ভাঙনে ঘরছাড়া প্রায় ৩-শো মানুষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কামারহাটি পুরসভার ২৭ নম্বর ও ১০ নম্বর ওয়ার্ডে ৩০ জন জল বাহিত রোগে আক্রান্ত। এদের অধিকাংশই বাড়িতে রয়েছেন। পরিস্থিতি মোকাবিলায় পুরসভার স্বাস্থ্য কর্মীরা সচেতনতা শিবির চালাচ্ছে। এছাড়াও ওই সব এলাকায় পরিশুদ্ধ পানীয় জলের ট্যাংকের ব্যবস্থা করেছে পুরসভা। স্থানীয় মানুষের অভিযোগ পুরসভার ট্যাংকের দূষিত জল পান করে তারা অসুস্থ হয়ে পড়েছেন । ইতিমধ্যে পুরসভা নমুনা সংগ্রহ করে নিয়ে গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবাদপ্রতিম রবীন্দ্রসংগীত শিল্পী কণিকা বন্দ্যোপাধ্যায় ১৯২৪ সালে আজকের দিনে জন্মগ্রহণ করেন । শান্তিনিকেতনে তার বাসভবন ও শহরের বহু জায়গায় আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে ।

oooooooooooooooooooooo

কলকাতায় এবার ৫ লক্ষ কণ্ঠে গীতা পাঠের আয়োজন করা হয়েছে। সনাতন সংস্কৃতি সংসদের উদ্যোগে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে ৭-ই ডিসেম্বর এই গীতা পাঠ অনুষ্ঠিত হবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে অনুষ্ঠানের ঘোষণা করে সনাতন সংস্কৃতি সংসদের সম্পাদক নির্গুণানন্দ ব্রহ্মচারী জানিয়েছেন,এবছর এই গীতা পাঠের চতুর্থ বর্ষ।

অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য কোন নাম নথিভুক্তকরনের প্রয়োজন হবে না। সাংবাদিক বৈঠকে গীতা পাঠ কমিটির অধ্যক্ষ স্বামী জ্ঞানানন্দ মহারাজ জানিয়েছেন,এই গীতা পাঠ কাউকে ছোট করার জন্য নয়। বরং বাংলার গৌরবকে ত্বরান্বিত করবে। ভগবত গীতা কোন ধর্ম ও জাতির জন্য সীমাবদ্ধ নয়। গীতা সারা বিশ্বে মানুষের মধ্যে শান্তি ও সম্প্রীতি বজায় রাখে। সনাতন সংস্কৃতি সংসদের অধ্যক্ষ স্বামী প্রদীপ্তানন্দ মহারাজ বলেন, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ সব রাজ্যের মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হচ্ছে।

oooooooooooooooooooooo

কল্যাণী স্টেডিয়ামে আজ আইএফএ শিল্ড ফুটবলে ইউনাইটেড স্পোর্টস ক্লাব ১-০ গোলে গোকুলাম কেরালা এফ সি-কে হারিয়ে দিয়েছে। গোল করেছেন অমিত বসাক।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo